

৩৩
৩৩

শিক্ষার সর্বক্ষেত্রে দুর্নীতির অবসান প্রয়োজন ॥ শিক্ষক কর্মচারী ফ্রন্ট

স্টাফ রিপোর্টার ॥ জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট নেতৃত্ব বলেছেন, বিভিন্ন ক্ষেত্রে সংস্কারের উদ্যোগ নেয়া হলেও শিক্ষার মতো জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে এখনও কোন পদক্ষেপ নেয়া হয়নি। শিক্ষার গুণগত মান উন্নয়ন, রাষ্ট্র ও অভিভাবকদের অর্ধের সহায়তার নিশ্চিত করতে শিক্ষার সর্বপর্যায়ে দুর্নীতি, স্বজনপ্রীতি, বৈষম্য ও দৈনিকায়করণের অবসান এখনই হওয়া উচিত। মে দিবস উপলক্ষে এক আলোচনাসভায় তারা এসব কথা বলেন। প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমেদের নেতৃত্বে উদ্বোধনায় সরকার শিক্ষা খাতে সংস্কারের উদ্যোগ নিলে শিক্ষক কর্মচারী ফ্রন্ট তাকে সর্বোচ্চ সহায়তা ও সমর্থনের ঘোষণা দেয়। ফ্রন্টের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই আলোচনাসভায় মোহাম্মদ আজিজুল ইসলাম, আরজু, সিদ্দিকুর রহমান প্রমুখ বক্তব্য রাখেন।